

নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়:বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে ১টি শূন্য সহকারী প্রোগ্রামার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে বিজ্ঞানে এস.এস.সি. ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৩/৪ বছর মেয়াদি কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি এসসি/সমমান পরীক্ষায় সিজিপিএ ৫ স্কেলে ৩.৫০ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে সফটওয়্যার তৈরীর কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী ২৫-০৮-২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।